The Country Today



Criminal Investigation and Forensic Analysis Lab inaugurated at DU Criminology Dept

DU correspondent

The 'Criminal Investigation and Forensic Analysis Lab' has been inaugurated at the Department of Criminology, Dhaka University. Dhaka University Pro-Vice Chancellor (Admin) Prof Dr. Saima Haque Bidisha inaugurated the lab as the chief guest at a function organized at the Professor Muzaffar Ahmed Chowdhury Auditorium on Wednesday.

The function was presided over by Associate Professor Shaharia Afrin, the departmental chairperson. Additional Inspector General of Bangladesh Police and Chief of CID Md. Chibgat Ullah was the guest of honour, and Dean of the Faculty of Arts Prof Dr. Mohammad Siddiqur Rahman Khan and Dean of the Faculty of Social Sciences Professor Dr. Taiyebur Rahman Continued to page 2

Criminal Investigation

spoke as special guests. Mahmud Khalid, a 9th batch student of the department, and Nishat Subah, a 11th batch student, conducted the program. Pro-Vice Chancellor (Adminin) Prof Dr. Saima Haque Bidisha said, "With the changing times, the nature of crime is also changing. Modern crime detection now.

আজকালের খবর



ঢাবি ক্রিমিনোলজি বিভাগে ক্রিমিনাল ইনভেস্টিগেশন অ্যান্ড ফরেনসিক অ্যানালাইসিস ল্যাব উদ্বোধন

● নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রিমিনোলজি বিভাগে 'ক্রিমিনাল ইনভেস্টিগেশন এন্ড ফরেনসিক অ্যানালাইসিস ল্যাব' উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা গতকাল বুধবার অধ্যাপক মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ল্যাব উদ্বোধন করেন। বিভাগীয় চেয়ারপার্সন সহযোগী অধ্যাপক শাহারিয়া আফরিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বাংলাদেশ পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক ও সিআইডির প্রধান মো. ছিবগাত উল্লাহ সম্মানিত অতিথি এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তৈয়েবুর রহমান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বিভাগের ৯ম ব্যাচের শিক্ষার্থী মাহমুদ খালিদ এবং ১১তম ব্যাচের শিক্ষার্থী নিশাত সুবাহ অনুষ্ঠান সঞ্চালন করেন। প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বলেন, সময়ের পরিবর্তনের সঙ্গে অপরাধের ধরনও বদলাচ্ছে। আধুনিক অপরাধ শনাক্তে এখন উন্নত প্রযুক্তি ও ফরেনসিক জ্ঞানের প্রয়োজন। তাত্ত্বিক ও ব্যবহারিক শিক্ষার সমন্বয়ে বিভিন্ন অপরাধ শনাক্তকরণে এই ল্যাব গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

বিডি ২৪ লাইভ

ঢাবির ক্রিমিনাল ইনভেস্টিগেশন এন্ড ফরেনসিক অ্যানালাইসিস ল্যাব উদ্বোধন



ছবি: প্রতিনিধি, বিডি২৪লাইভ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি)ক্রিমিনোলজি বিভাগে 'ক্রিমিনাল ইনভেস্টিগেশন এন্ড ফরেনসিক অ্যানালাইসিস ল্যাব' উদ্বোধন করা হয়েছে।

বুধবার (১৪ জানুয়ারি) বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ল্যাব উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা।

উদ্বোধনকালে অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বলেন, সময়ের পরিবর্তনের সঙ্গে অপরাধের ধরনও বদলাচ্ছে। আধুনিক অপরাধ শনাক্তে এখন উন্নত প্রযুক্তি ও ফরেনসিক জ্ঞানের প্রয়োজন। তাত্ত্বিক ও ব্যবহারিক শিক্ষার সমন্বয়ে বিভিন্ন অপরাধ শনাক্তকরণে এই ল্যাব গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

এসময় বিভাগীয় চেয়ারপার্সন সহযোগী অধ্যাপক শাহারিয়া আফরিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বাংলাদেশ পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক ও সিআইডির প্রধান মো. ছিবগাত উল্লাহ সম্মানিত অতিথি এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তৈয়েবুর রহমানসহ আরও অনেকে বক্তব্য রাখেন।

The New Age



Dhaka University's statistics department freshers along with teachers and guests pose for a group photo at a reception programme at the TSC auditorium on the campus on Wednesday. —Press release

DU statistics dept welcomes freshers

Staff Correspondent

THE department of statistics at Dhaka University held its freshers' reception for first-year undergraduate students of the 2024–2025 academic session on Wednesday at the TSC auditorium on the campus.

Departmental chairman Professor Zafar Ahmed Khan presided over the programme, said a press release.

Pro-vice-chancellor of the National University Professor Md Lutfar Rahman and dean of the faculty of science at DU Professor Abdus Salam addressed the event. Assistant Professor Kanchan Kumar Sen delivered the welcome remarks.

Speakers encouraged students to engage in co-curricular activities alongside academic work to build themselves as skilled and responsible individuals. They also stressed the importance of moral and human values in shaping a better society.

The programme concluded with a cultural performance.

কালের কণ্ঠ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থীরা গতকাল কালের কণ্ঠের বিভিন্ন বিভাগ ঘুরে দেখেন। পরে তাঁরা কালের কণ্ঠের সম্পাদক হাসান হাফিজ ও নির্বাহী সম্পাদক হায়দার আলীসহ কর্মীদের সঙ্গে ফটো সেশনে অংশ নেন। ছবি : কালের কণ্ঠ

কালের কণ্ঠের ডিজিটাল মিডিয়া পরিদর্শনে ঢাবি শিক্ষার্থীরা

নিজস্ব প্রতিবেদক ▷

ডিজিটাল মিডিয়ার কর্মপদ্ধতি সম্পর্কে ধারণা নিতে কালের কণ্ঠ কার্যালয় পরিদর্শন করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ২৫তম ব্যাচের অষ্টম সেমিস্টারের শিক্ষার্থীরা। গতকাল বুধবার রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় কালের কণ্ঠ কার্যালয়ে আসেন তাঁরা। বিভাগের অনলাইন জার্নালিজম কোর্সের অংশ হিসেবে এই শিক্ষা সফরের আয়োজন করা হয়। এ সময় শিক্ষার্থীরা পত্রিকা অফিসের বিভিন্ন বিভাগ ঘুরে দেখেন এবং বিশেষভাবে ডিজিটাল বিভাগের কর্মপদ্ধতি সম্পর্কে বিস্তারিত ধারণা নেন।

পরিদর্শনকালে শিক্ষার্থীরা কালের কণ্ঠের সম্পাদক কবি হাসান হাফিজ, নির্বাহী সম্পাদক হায়দার আলীসহ বিভিন্ন বিভাগের প্রধান ও দায়িত্বশীল কর্মকর্তাদের সঙ্গে শুভেচ্ছা ও মতবিনিময় করেন। এ সময় তাঁরা ডিজিটাল মিডিয়ায় সাংবাদিকতার বর্তমান বাস্তবতা ও চ্যালেঞ্জ নিয়ে জানতে চান।

সম্পাদক কবি হাসান হাফিজ বলেন, 'বিগত আওয়ামী লীগ সরকারের সময় সাংবাদিকতায় এক ধরনের ঝুঁকি ছিল। ৫ আগস্টের পর নতুন করে আরো কিছু চ্যালেঞ্জ যুক্ত হয়েছে। বিশেষ করে গণমাধ্যমে হামলার ঘটনা বেশ উদ্বেগজনক।' তিনি সামাজিক মাধ্যমে সেন্সরবিহীন তথ্যপ্রবাহের প্রসঙ্গ টেনে বলেন, 'এই সংকটে মূলধারার গণমাধ্যমে বাড়তি দায়িত্ব বজায় রেখে কাজ করাটাও এখন বড় চ্যালেঞ্জ।' এ ক্ষেত্রে পাঠকদের সচেতন হওয়ার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, 'পাঠকদেরও বুঝতে হবে, কোথায় প্রকৃত ও নির্ভরযোগ্য তথ্য পাওয়া যায়।'

> 'গণমাধ্যমে ব্যাপক পরিবর্তন এসেছে। প্রযুক্তিগতভাবে এটি অনেক সমৃদ্ধ হয়েছে'

নির্বাহী সম্পাদক হায়দার আলী বলেন, '২০২৪ সালের ১ জুলাই কালের কণ্ঠের ডিজিটাল বিভাগ চালু করা হয়। ফলে পুরো জুলাইয়ের গণ-অভ্যুত্থান আমরা ডিজিটাল মাধ্যমেই ধারণ করার সুযোগ পাই। সে সময় অনেক সংবাদ লিখে প্রকাশ করা সম্ভব হয়নি, তবে ডিজিটাল মাধ্যমে ঘটনাগুলো তুলে ধরেছি। যদিও এতে নানা প্রতিবন্ধকতার মুখোমুখি হতে হয়েছে। ডিজিটাল সাংবাদিকতার কারণে ঘটনাস্থলের বাস্তব চিত্র দ্রুত দর্শকদের সামনে তুলে ধরা সম্ভব হয়েছে।' এ সময় ঢাবি সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থীদের পাশে থেকে কালের কণ্ঠ সর্বাত্মক সহযোগিতা করবে বলেও আশ্বাস দেন তিনি।

শিক্ষার্থীদের সঙ্গে থাকা ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. আবুল মনসুর আহমেদ বলেন, 'গণমাধ্যমে ব্যাপক পরিবর্তন এসেছে। প্রযুক্তিগতভাবে এটি অনেক সমৃদ্ধ হয়েছে। শিক্ষার্থীদের সেই বাস্তব অভিজ্ঞতা দিতেই কালের কণ্ঠের ডিজিটাল বিভাগ পরিদর্শনে আনা হয়েছে।' তিনি আশা প্রকাশ করেন, এই সফরের মাধ্যমে শিক্ষার্থীরা নতুন মিডিয়া সম্পর্কে স্পষ্ট ধারণা লাভ করবেন।